

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রধান কার্যালয়
রাঙ্গামাটি
পরিকল্পনা অধিশাখা
www.chtdb.gov.bd

নম্বর ২৯.৩১.২০৮৪.০০৮.৩১.০০১.১৯.১০৩

তারিখ ৯ জ্যৈষ্ঠ ১৪২৬

২৩ মে ২০১৯

শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিষয়: শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ।

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চলতি ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভুক্ত “পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান” শীর্ষক স্কিমের আওতায় “শিক্ষাবৃত্তি” প্রদানের লক্ষ্যে দেশের বিভিন্ন কলেজ/ইনস্টিটিউট/বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক/সমমান ও স্নাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলায় স্থায়ীভাবে বসবাসকারী বিভিন্ন সম্প্রদায়ের মেধাবী ছাত্র-ছাত্রী এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের পোষাদের নিকট হতে শুধুমাত্র অনলাইনে শিক্ষাবৃত্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে। বোর্ডের ওয়েবসাইট www.chtdb.gov.bd-তে আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত সনদসমূহের মূলকপি স্ক্যান করে নির্ধারিত সাইজে আপলোড করে আবেদন সম্পন্ন করতে হবে:

- স্থায়ী বাসিন্দার স্বপক্ষে স্ব স্ব জেলা প্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত সনদ;
 - উপজেলা চেয়ারম্যান/পৌর মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পিতা/আইনানুগ অভিভাবকের বাৎসরিক আয়ের সনদ, পিতা/আইনানুগ অভিভাবক চাকুরিজীবী হলে চাকুরিরত প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত বাৎসরিক আয়ের সনদ;
 - সর্বশেষ সেমিস্টার/লেভেল/বর্ষের নম্বরপত্র বা সার্টিফিকেট;(জুন'২০১৭ খ্রি: এর পূর্বে প্রকাশিত ফলাফল গ্রহণযোগ্য নহে);
 - শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের স্বপক্ষে প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র; (মে' ২০১৯ খ্রি: -এর পূর্বে প্রদত্ত প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য নয়)
 - আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০x৩০০) পিক্সেল, স্বাক্ষর (৩০০x৮০) পিক্সেল এবং অন্যান্য সনদ (৭৫০x১০০০) হতে হবে;
 - বিশেষ কোটার (যদি থাকে) স্বপক্ষে প্রমাণপত্র;
- আবেদনকারী কর্তৃক আপলোডকৃত সনদপত্রসমূহ যাচাই-বাছাই এর নিমিত্ত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করা হবে। সনদপত্রে কোনো প্রকার অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিলসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
উল্লেখ্য, অনলাইন ব্যতিত সরাসরি বা ডাকযোগে শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ করা হবে না।

আবেদনের সময়সীমা: ২৫ মে'২০১৯ খ্রি: হতে ২০ জুন'২০১৯ খ্রি:

বিশেষ দৃষ্টব্য: কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি অংশবিশেষ পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করার এবং বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী বৃত্তির জন্য প্রার্থী বাছাইয়ের সিদ্ধান্ত গ্রহণের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।



২০-৫-২০১৯

ড. প্রকাশ কান্তি চৌধুরী

সদস্য-পরিকল্পনা

ফোন: ০৩৫১-৬৩৩১৫

ইমেইল: mp@chtdb.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ভাইস-চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
- ২) উপ-সচিব, প্রশাসন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) সম্পাদক, দৈনিক যুগান্তর, প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ (বিজ্ঞপ্তি আগামী ২৫/০৫/২০১৯ খ্রি: এর মধ্যে ১ বার (৩ কলাম ৫ ইঞ্চি) সাইজে প্রকাশের অনুরোধসহ)
- ৪) সম্পাদক, দৈনিক গিরিদর্পণ, রাজামাটি (বিজ্ঞপ্তি আগামী ২৫/০৫/২০১৯ খ্রি: এর মধ্যে ১ বার (৩ কলাম ৫ ইঞ্চি) সাইজে প্রকাশের অনুরোধসহ)
- ৫) সম্পাদক, দৈনিক নতুন বাংলাদেশ, বান্দরবান (বিজ্ঞপ্তি আগামী ২৫/০৫/২০১৯ খ্রি: এর মধ্যে ১ বার (৩ কলাম ৫ ইঞ্চি) সাইজে প্রকাশের অনুরোধসহ)
- ৬) সম্পাদক, দৈনিক অরণ্যবার্তা, খাগড়াছড়ি (বিজ্ঞপ্তি আগামী ২৫/০৫/২০১৯ খ্রি: এর মধ্যে ১ বার (৩ কলাম ৫ ইঞ্চি) সাইজে প্রকাশের অনুরোধসহ)